

বিজ্ঞান জাদুঘরে আসছে ‘টাইটানিক জাহাজের রেপ্লিকা’

যুগান্তর রিপোর্ট


জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে স্থাপন করা হবে ‘টাইটানিক জাহাজের রেপ্লিকা’। এই রেপ্লিকা তৈরিতে খরচ হবে এক কোটি ৭৬ লাখ টাকা। দর্শনাথীদের ও শিক্ষার্থীদের কাছে জাদুঘরের অকর্ষণ বাড়াতে এই উদ্যোগ নেয়া হয়েছে। রেপ্লিকা তৈরির জন্য বুধবার জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এবং খুলনা শিপইয়ার্ড লিমিটেডের মধ্যে এই চুক্তি সই হয়। জাদুঘরের পক্ষে কিউরেটর সুকল্যাণ বাছাড় ও শিপইয়ার্ডের পক্ষে ক্যাপ্টেন এম ফিদা হাসান (বিএন) জিএম চুক্তিতে সই করেন। জাহাজটি জাদুঘরের দক্ষিণপ্রান্তে বসানো হবে। এর নিচে থাকবে জলাশয়। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মদ মুনীর চৌধুরী বলেন, বিজ্ঞান জাদুঘরকে একটি বিশ্বমানের আধুনিক জাদুঘরে রূপান্তরের লক্ষ্যে চার-পাঁচ মাসের মধ্যে সামুদ্রিক পরিবেশের আবহ তৈরি করে জাহাজটি নির্মাণ ও স্থাপন করা হবে। টাইটানিক জাহাজের ঐতিহাসিক প্রেক্ষাপট উপস্থাপন করার মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হবে।

আজকালের খবর

The Daily Ajkaler Khoror

বিজ্ঞান জাদুঘরে আসছে টাইটানিক জাহাজ

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরকে দর্শনার্থী ও শিক্ষার্থীদের কাছে আরও শিক্ষণীয় ও আকর্ষণীয় করার জন্য টাইটানিক জাহাজের একটি মডেল স্থাপনের পরিকল্পনা নিয়েছে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃপক্ষ। গত বুধবার জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এবং খুলনা শিপইয়ার্ড লিমিটেডের



সঙ্গে এ লক্ষ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়। খুলনা শিপইয়ার্ড লিমিটেডের পক্ষে স্বাক্ষর করেন ক্যাপ্টেন এম ফিদা হাসান (বিএন) জিএম এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের পক্ষে সুকল্যাণ বাছাড়, কিউরেটর। এক কোটি ৭৬ লাখ টাকা ব্যয়ে টাইটানিকের আদলে নির্মিত এ জাহাজ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের দক্ষিণ প্রান্তে বসানো হবে। এর নিচে থাকবে একটি জলাশয়। এ

প্রসঙ্গে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, বিজ্ঞান জাদুঘরকে একটি বিশ্বমানের আধুনিক জাদুঘরে রূপান্তরের লক্ষ্যে আগামী ৪-৫ মাসের মধ্যে সামুদ্রিক পরিবেশের আবহ তৈরি করে জাহাজটি নির্মাণ ও স্থাপন করা হবে। টাইটানিক জাহাজের ঐতিহাসিক প্রেক্ষাপটকে উপস্থাপন করে এ প্রকল্প বাস্তবায়িত হবে। -বিজ্ঞপ্তি

দৈনিক পূর্বকোণ

মর-চ-৮৯ || ৩৫তম বর্ষ ১৮তম সংখ্যা || ১৫ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ || ৩ রক্তব ১৪৪১ হিজরি || Friday 28 February 2020 || ১২ পৃষ্ঠা

বিজ্ঞান জাদুঘরে আসছে 'টাইটানিক জাহাজের রেপ্লিকা'

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে স্থাপন করা হবে 'টাইটানিক জাহাজের রেপ্লিকা'। এই রেপ্লিকা তৈরিতে খরচ হবে এক কোটি ৭৬ লাখ টাকা। দর্শনাথীদের ও শিক্ষার্থীদের কাছে জাদুঘরের অকর্ষণ বাড়তে এই উদ্যোগ নেয়া হয়েছে। রেপ্লিকা তৈরির জন্য বুধবার জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এবং খুলনা শিপইয়ার্ড লিমিটেডের মধ্যে এই চুক্তি সই হয়। জাদুঘরের পক্ষে কিউরেটর সুকল্যাণ বাছাড় ও শিপইয়ার্ডের পক্ষে ক্যাপ্টেন এম ফিদা হাসান (বিএন) জিএম চুক্তিতে সই করেন। জাহাজটি জাদুঘরের দক্ষিণপ্রান্তে বসানো হবে। এর নিচে থাকবে জলাশয়। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মদ মুনীর চৌধুরী বলেন, বিজ্ঞান জাদুঘরকে একটি বিশ্বমানের আধুনিক জাদুঘরে রূপান্তরের লক্ষ্যে চার-পাঁচ মাসের মধ্যে সামুদ্রিক পরিবেশের আবহ তৈরি করে জাহাজটি নির্মাণ ও স্থাপন করা হবে। টাইটানিক জাহাজের ঐতিহাসিক প্রেক্ষাপট উপস্থাপন করার মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হবে।